



ওয়ার্ডবয় উজ্জ্বল থেকে যেসব বিতর্কে জড়িয়েছেন আয়াস



ছবি: সংগৃহীত

ময়মনসিংহের আলকেমি হাসপাতালে ২০১৪ সালে উজ্জ্বল নামে ওয়ার্ডবয় হিসেবে কর্মজীবন শুরু করেন আনম আয়াস। ২০২৪ সালের ৫ আগস্টের পর রাজনৈতিক ও সামাজিক বিভিন্ন ঘটনায় আলোচনায় আসেন তিনি। সড়ক অবরোধ, অনশন, সংঘর্ষ ও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও ঘিরে একাধিকবার বিতর্কে জড়ান এই তরুণ। পরে ঢাকায় এসে রবীন্দ্রনাথ ঠাকুরের গ্রাফিতিতে কালি দেওয়ার চেষ্টার অভিযোগে গ্রেপ্তার হন তিনি।

আমাদের টিমের হাতে আসা নথিতে তার নামের ভিন্নতা পাওয়া গেছে। কোথাও আনম আয়াস, কোথাও আল নূর মোহাম্মদ আয়াস, আবার কোথাও আল-উজ্জ্বল আহমেদ লেখা রয়েছে। জন্মনিবন্ধনের অনুলিপিতে জন্মতারিখ ১৮ নভেম্বর ২০০৫ উল্লেখ করা হয়েছে।

পুলিশের তথ্য অনুযায়ী, চেকসংক্রান্ত প্রতারণার একটি মামলায় তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি হয়েছিল। ২০২৩ সালের ১৮ জুলাই মামলাটি হয় এবং পরের বছরের এপ্রিলে তিনি গ্রেপ্তার হয়ে কারাগারে যান। পরে জামিনে মুক্তি পান। ময়মনসিংহের অতিরিক্ত পুলিশ সুপার মো. আবদুল্লাহ আল মামুন জানিয়েছেন, মামলাটি বর্তমানে বিচারাধীন।

ময়মনসিংহের তারাকান্দা উপজেলার বগিরপাড়া গ্রামের মোস্তফা কামাল ও খোরশেদা খাতুনের ছেলে আয়াস। গণ-অভ্যুত্থানের পর তিনি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ময়মনসিংহ মহানগর শাখার সদস্যসচিবের দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি রাষ্ট্র সংলাপ ফোরামের সভাপতি।

৫ আগস্টের পর বিভিন্ন দাবিতে সড়ক অবরোধ, অনশন ও আওয়ামী লীগের কার্যালয় ভাঙচুরের ঘটনায় তার নাম আলোচনায় আসে। স্থানীয় কয়েকজন বাসিন্দা এশিয়া পোস্টকে অভিযোগ করেন, তার কর্মকাণ্ড ঘিরে এলাকায় অসন্তোষ তৈরি হয়েছে।

গত ৪ আগস্ট ঢাকার জাতীয় প্রেসক্লাবের সামনে নতুন ধারা বাংলাদেশ ও রাষ্ট্র সংলাপ ফোরামের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। এতে আয়াসও আহত হন। এর আগে জুলাইয়ের গণ-অভ্যুত্থান ও শহীদদের নিয়ে কটুক্তির অভিযোগে নতুন ধারা বাংলাদেশের ভাইস প্রেসিডেন্ট শান্তা ফারজানাকে আয়াস চড় মেরেছিলেন বলে অভিযোগ ওঠে। ওই ঘটনাকে কেন্দ্র করে দুই পক্ষের পাল্টাপাল্টি কর্মসূচির মধ্যে সংঘর্ষ ঘটে। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে আয়াসকে মারধরের শিকার হতে এবং পাল্টা আঘাত করতে দেখা যায়।

এ ছাড়া ১৫ আগস্ট ধানমন্ডি ৩২ নম্বর বাড়ির সামনে আয়াসের নেতৃত্বে একদল লোকের অবস্থান এবং সেখানে তিনজনকে মারধরের অভিযোগ ওঠে। গত ২০ সেপ্টেম্বর মাগুরা ক্রিকেটার সাকিব আল হাসানের বাড়ির ফটকে প্রস্রাব করার একটি ভিডিও নিজের ফেসবুকে প্রকাশ করেও সমালোচনার মুখে পড়েন তিনি।

আলকেমি হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ডা. আসাদুজ্জামান আসাদ এশিয়া পোস্টকে বলেন, উজ্জ্বল নামে ২০১৪ সালে ওয়ার্ডবয় হিসেবে চাকরি শুরু করে আয়াস প্রায় তিন বছর ওই পদে কাজ করেন। পরে ২০২৪ সালে ময়মনসিংহের ইউনিভার্সেল হাসপাতালে এক্সিকিউটিভ পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

আয়াসের বাবা মোস্তফা কামাল বলেন, তিনি হৃদরোগে আক্রান্ত এবং কাজ করতে পারেন না। তাঁর স্ত্রীর মাসিক আট হাজার টাকা বেতনের আয়ে সংসার চলে। ছেলের গ্রেপ্তারকে অযৌক্তিক দাবি করে তিনি দ্রুত মুক্তি দেওয়ার আহ্বান জানান। তবে পুলিশ জানিয়েছে, প্রতারণার অভিযোগে জারি হওয়া পরোয়ানার ভিত্তিতেই তাকে গ্রেপ্তার করা হয়েছিল।

সূত্র: এশিয়া পোস্ট